

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৩৪(আগরতলা ৯।০৫)

সার্বুম, ৯ মে, ২০২৪

সার্বুমে ১০ দিনব্যাপী ঐতিহ্যবাহী বৈশাখী মেলা শুরু

সার্বুমের মেলার মাঠে গতকাল থেকে শুরু হয়েছে ১০ দিনব্যাপী ঐতিহ্যবাহী বৈশাখী মেলা-২০২৪। ১০ দিনব্যাপী বৈশাখী মেলা চলবে ১৭ মে পর্যন্ত। এদিন বিকালে ঐতিহ্যবাহী বৈশাখী মেলার উদ্বোধন করেন দক্ষিণ ত্রিপুরা জেলার পুলিশ সুপার অশোক কুমার সিনহা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধাম্মাদীপা বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ভেন. ড. বীন্মাপিয়া, সাতচাঁদ আর ডি ডিভিশনের কার্যনির্বাহী আধিকারিক সঞ্জিত রিয়াং, মহকুমা বন আধিকারিক সিদ্ধার্থ দেববর্মা, মহকুমা পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকার, রূপাইছড়ি ব্লকের বিডিও অভিজিৎ মজুমদার প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সার্বুম মহকুমার মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দক্ষিণ ত্রিপুরা জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহ অধিকর্তা রিপন চাকমা। বৈশাখী মেলা উপলক্ষে প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে। তাছাড়া অনুষ্ঠিত হবে কবি সম্মেলন।

সার্বুমের পুরাতন টাউন হলে গতকাল মহকুমা ভিত্তিক রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপন করা হয়। অনুষ্ঠানে অতিথিগণ রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষে এদিন প্রভাতফেরী শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।
